# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

## ৩২ তম গভর্নিং বডির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ডাঃ গাজী মিজানুর রহমান

সদস্য সচিব ঃ জনাব অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস

ভেন্যু ঃ কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ হাসপাতাল, সোনাডাঙ্গা, খুলনা

তারিখ ঃ ২১ ডিসেম্বর ২০১৭, বেলা ১২.০০ টা

গাজী মেডিকেল কলেজের সম্মানিত চেয়ারম্যান এবং গভর্নিং বডির সভাপতি জনাব ডা. গাজী মিজানুর রহমান সভায় উপস্থিত রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয় কর্তৃক অনুমোদিত গভর্নিং বডির স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি, স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয় প্রতিনিধিসহ সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অদ্যকার সভার সভাপতি মহোদয় নতুন কমিটির উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানান।

**সভার আলোচ্যসূচী ও গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ**

১। প্রথমেই গভর্নিং বডির সদস্য সচিবের পক্ষে পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ করেন গভর্নিং বডির শিক্ষক প্রতিনিধি ও গাজী মেডিকেল কলেজের উপাধ্যক্ষ ডা. বঙ্গ কমল বসু।

২। অদ্যকার সভায় অত্র কলেজে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি সম্পর্কিত আলোচনায় উপাধ্যক্ষ মহোদয় সকলকে অবহিত করেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকরের স্বাস্থ্য অধিদপ্তর এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুসারে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ১ম বর্ষে ভর্তির জন্য প্রাপ্ত সকল আবেদনপত্রের কোটাভিত্তিক তালিকা (Merit A-Z) নির্ধারিত সময়ে কলেজের ওয়েব সাইট, নোটিশ বোর্ড এবং দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়েছে এবং ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য ভর্তি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী বিশ্ববিদ্যালয় প্রেরিত প্রতিনিধিদ্বয়কে নিয়ে ইতিমধ্যে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সাধারন কোটায় এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনসমুহ যাচাই বাছাই করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকরের স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক মেধাক্রম অনুসারে মোট ৩৯ জন ছাত্র-ছাত্রী ভর্তি করে।

ভর্তি কমিটির সুপারিশকৃত অস্বচ্ছল ও মেধাবী কোটার মোট ২০ (বিশ) জন এবং গভর্নিং বডির কোটার জন্য মোট ০৬ (ছয়) জনকে ভর্তির সাক্ষাৎকারের জন্য গভর্নিং সভায় পাঠানো হয়। অদ্যকার সভায় অত্র কলেজে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ১ম বর্ষে অস্বচ্ছল ও মেধাবী কোটায় ভর্তির জন্য আবেদনকৃত ছাত্র-ছাত্রীদের মধ্যে উপস্থিত ১৪ (চৌদ্দ) জন ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকদের সাক্ষাৎকার গ্রহন করা হয়। উপস্থিত ছাত্র-ছাত্রীদের মেধা ও অর্থনৈতিক অস্বচ্ছলতার মানের ভিত্তিতে অস্বচ্ছল ও মেধাবী কোটায় ভর্তির জন্য সর্বসম্মতিক্রমে নিম্নে উল্লেখিত রোল নম্বরধারী ছাত্র-ছাত্রীদের নির্বাচিত করা হয়।

মেধা তালিকাঃ ২১২২৭৫, ২১২১৪২, ২১৩২৬৪, ২১৩২৮৫, ২১১২১৯ = ০৫ জন।

অপেক্ষমান তালিকাঃ ৪০২২৮৪, ১২৩৮২৪, ১৩১৭৭৬ = ০৩ জন।

সাক্ষাৎকারে উপস্থিত জিবি কোটার ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে সর্বসম্মতিক্রমে নিম্নে উল্লেখিত রোল নম্বরধারী ছাত্র-ছাত্রীদের নির্বাচিত করা হয়।

জিবি কোটাঃ ২১০৪৩৭, ৪০৪৭২৩, ১৮০২২৭, ২১১৪২৫, ৪০০৪৩৫, ২৩০৬০৯= ০৬ জন।

নির্বাচিতঃ ২১০৪৩৭, ৪০৪৭২৩, ১৮০২২৭, ২১১৪২৫, ৪০০৪৩৫= ০৫ জন।

মেধাতালিকা হতে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির পর আসন শূন্য থাকলে অপেক্ষমান তালিকা হতে ভর্তির সিদ্ধান্ত গ্রহন করা হয়।

৩। অদ্যকার সভায় অত্র কলেজে নিয়োগকৃত শিক্ষকদের পদোন্নতি ও নিয়মিতকরণ সম্পর্কিত আলোচনায় উপাধ্যক্ষ মহোদয় উপস্থিত সকলকে অবহিত করেন, অত্র কলেজে নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক-শিক্ষিকাবৃন্দের নিয়োগ নিয়মিতকরণ এবং পদোন্নতি রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভূক্ত কলেজ সংবিধি অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয় কর্তৃক মনোনীত প্রতিনিধিগণের উপস্থিতিতে শিক্ষক-শিক্ষিকাবৃন্দের সাক্ষাৎকার গ্রহন, প্রয়োজনীয় সকল কাগজপত্রাদি যাচাই-বাছাই এবং পিএসসি, বিএমএন্ডডিসি ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিয়মানুসারে শিক্ষক নিয়োগ নির্বাচনী বোর্ডের মাধ্যমে সম্পন্ন হয়েছে। উপস্থিত সকলের সম্মতিক্রমে গত ২৫/১০/২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত সর্বশেষ শিক্ষক নিয়োগ নির্বাচনী বোর্ডের অনুমোদন দেয়া হয়। পাশাপাশি এ্যাডহক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত উপাধ্যক্ষ পদে ০১ জনের এবং সহকারী অধ্যাপক পদে ০২ জনের নিয়োগের অনুমোদন দেয়া হয়। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ বলেন, যেহেতু বেসরকারি মেডিকেল কলেজে চলতি দায়িত্ব বলে কোন পদ নেই, তাই এই পদে কোন নিয়োগ দেয়া যাবে না বা এই পদে কোন পদোন্নতি দেয়া যাবে না।

৪। ক) অদ্যকার সভায় অত্র কলেজের সাপ্তাহিক ছুটি সোমবারের পরিবর্তে শুক্রবার করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।

খ) উপাধ্যক্ষ মহোদয় উপস্থিত সকলকে অবহিত করেন যে, পূর্ববর্তী রেজুলেশনে উল্লেখিত কলেজের প্রাতিষ্ঠানিক, অবকাঠামোগত, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য অনেক কাজ করা হয়েছে। সভায় উপস্থিত মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিগণ কলেজ ও হাসপাতালের নামে পৃথক জমি আছে কিনা এবং তা বর্তমান ক্যাম্পাসের পাশে কিনা জানতে চাইলে উপাধ্যক্ষ মহোদয় এ বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন। গাজী মেডিকেল কলেজের চেয়ারম্যান ডাঃ গাজী মিজানুর রহমান বলেন, নতুন কলেজ ক্যাম্পাসটি বর্তমান কলেজ ক্যাম্পাস থেকে ৩০০ মিটার দূরে অবস্থিত এবং সেক্ষেত্রে কি করনীয় তা তিনি উপস্থিত সদস্যবৃন্দের কাছে প্রশ্ন করেন। সভাপতি মহোদয়ের প্রশ্নের উত্তরে মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব বেগম বদরুন নেছা, স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ এবং বিশ্ববিদ্যালয়ের জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল আহাদ এবং জনাব ডাঃ এম, এ, শামসুল আরেফিন সহ সকলেই সহমত প্রকাশ করেন যে, যেহেতু মেডিকেল কলেজ হাসপাতালটি ৩০ (ত্রিশ) বছর পুরানো এবং প্রতিষ্ঠিত একটি মাল্টি-ডিসিপ্লিনারি হাসপাতাল সেহেতু এই দূরত্ব সহনীয় দূরত্ব। ফলে উক্ত স্থানে কলেজ ক্যাম্পাস নির্মাণের অনুমোদন প্রদান করা হয়। তবে উক্ত ক্যাম্পাসে যদি সম্ভব হয় একটি বিশেষায়িত হাসপাতাল করার অনুমোদন দেয়া যেতে পারে বলে সভায় মতামত প্রকাশ করা হয়। পাশাপাশি নতুন ক্যাম্পাসের কাজ নতুন বর্ষপঞ্জিতে শুরু করারও অনুমোদন দেয়া হয়।

গ) গাজী মেডিকেল কলেজের চাকুরী বিধিমালা ২০১১ পরিবর্ধন, পরিবর্তন এবং পরিমার্জন করে গাজী মেডিকেল কলেজ চাকুরী বিধিমালা ২০১৭ সর্বসম্মতিক্রামে গৃহীত হয়।

ঘ) অদ্যকার সভায় গভর্ণিং বডির সম্মানিত চেয়ারম্যানকে ব্যাংক লোন, জমি-জমা ক্রয়-বিক্রয়সহ আর্থিক বিষয়সমুহ ব্যাবস্থাপনার সর্বময় ক্ষমতা প্রদান করার সিদ্ধান্ত গ্রহন করা হলো।

অদ্যকার সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে অত্র কলেজের গভর্নিং বডির সদ্য বিলুপ্ত কমিটির জন্য ধন্যবাদ প্রস্তাব গ্রহন করা হয়।

পরিশেষে, সভাপতি মহোদয় গাজী মেডিকেল কলেজ এর উন্নয়ন কর্মকান্ডে ভূমিকা রাখার জন্য উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে আজকের সভার সম্পাপ্তি ঘোষণা করেন।

অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস
সদস্য সচিব, গভর্নিং বডি এবং
অধ্যক্ষ, গাজী মেডিকেল কলেজ

সম্মানিত সকল সদস্যবৃন্দের অবগতির জন্য রেজুলেশনের অনুলিপি প্রদান করা হলো।

অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস
সদস্য সচিব, গভর্নিং বডি এবং
অধ্যক্ষ, গাজী মেডিকেল কলেজ

গভর্নিং বডির **১৫** জন সদস্যদের মোট **১১** জন সদস্য উপস্থিত ছিলেন। উপস্থিত সদস্যদের নাম ও পদবী নিম্নরুপ:

| **ক্রমিক নং** | **নাম** | **পদবী** |
|---|---|---|
| ১ | জনাব ডাঃ গাজী  মিজানুর রহমান | সভাপতি |
| ২ | জনাব অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস | সদস্য সচিব |
| ৩ | জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল আহাদ | বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি |
| ৪ | জনাব ডাঃ এম, এ, শামসুল আরেফিন | বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি |
| ৫ | জনাব বেগম বদরুন নেছা | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি |
| ৬ | জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ | স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি |
| ৭ | জনাব ডাঃ বঙ্গ কমল বসু | শিক্ষক প্রতিনিধি |
| ৮ | জনাব অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস | শিক্ষক প্রতিনিধি |
| ৯ | জনাব মিসেস তানিয়া রহমান | দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য |
| ১০ | জনাব মোঃ কামরুল হাসান | অভিভাবক প্রতিনিধি |
| ১১ | জনাব অধ্যাপক ডাঃ ইয়াছিন আলী গাজী | বিদ্যোৎসাহী প্রতিনিধি |